



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700019
2nd Term: Answer Work Sheet - 15



Class: 3

Subject: Bengali Text (অপুর রেল রাস্তা দেখা)

Date: 25/09/2020

১। হরিহর কে ? তিনি কেন অপুকে বাড়ীর বাইরে নিয়ে গিয়েছিলেন ?

উঃ হরিহর হলেন অপুর বাবা। অপু খুব গরিব ছিলেন। তার বাবা শিষ্যদের বাড়িতে যেতেন। তিনি ভেবেছিলেন তাদের বাড়িতে অপুকে নিয়ে গেলে অপু দুধ ঘি ইত্যাদি ভালো ভালো জিনিস খেতে পাবে। ছোটবেলায় শিশুদের শরীর গড়ার জন্য দুধ ঘি খেতে হয়। তাই অপু বাইরে গেলে ভালো জিনিস খেতে পাবে আর তার শরীর ও ভালো হবে।

২। অপুর রেলরাস্তা দেখা গল্পটি কোন মূল উপন্যাস থেকে নেওয়া হয়েছে ? গল্পটি সংক্ষেপে লেখ ?

উঃ ‘অপুর রেলরাস্তা দেখা’ গল্পটি ‘পথের পাচালী’ উপন্যাস থেকে নেওয়া হয়েছে।

অপু প্রথম তার বাবার সঙ্গে গ্রামের বাইরে বেড়াতে যাচ্ছে। তাই রেলরাস্তা দেখা যেমন আনন্দ হয়েছে তেমনি কৌতূহল ও হয়েছে। তাই অপু তার বাবাকে নানারকম প্রশ্ন করে মনের কৌতূহল মেটাচ্ছে। রেলগাড়ি কেন লোহার পাতের ওপর দিয়ে যাচ্ছে ? তার গুলি কী ? এইসব প্রশ্ন সে তার বাবাকে করছিল। আর সব শেষে সেদিন যখন সে রেলগাড়ি দেখতে পেল না, তখন সে চোখে জল নিয়ে মনের দুঃখে বাবার পেছনে পেছনে যেতে লাগল।

৩। রেলের রাস্তার বর্ণনা দাও।

উঃ অপু তার বাবার সঙ্গে একদিন গ্রামের বাইরে বেরল। দুর্গাপুরের রাস্তা দিয়ে কিছু দূর যাবার পর সে দেখল নবাবগঞ্জের পাকা সড়কের মতো উঁচু একটা রাস্তা।

সেটা মাঠের মাঝখান দিয়ে ডাইনে বাঁয়ে অনেক দূর পর্যন্ত চলে গেছে। লাল লাল খোয়ার রাশি, রাস্তার ধারের দিকে সারি দিয়ে উঁচু হয়ে আছে। আর রাস্তার ধারে সাদা খুঁটি ও দড়ির টানা বাঁধা অনেক দূর পর্যন্ত দেখা যাচ্ছে।

৪। অপূর রেলগাড়ি দেখতে না পাওয়ার কারণ কী ?

উঃ অপূ বাবার সঙ্গে প্রথম গ্রামের বাইরে বেড়াতে গিয়েছিল। কিছুদূর যাবার পর সে রেলরাস্তা দেখতে পেল। সে তার বাবাকে রেলগাড়ি দেখতে চাওয়ার ইচ্ছা প্রকাশ করল। কিন্তু রেলগাড়ি আসার অনেক দেরি থাকায়, বাবা বললেন যে এই রোদে দাঁড়িয়ে থাকা যাবে না। ফেরার দিন রেলগাড়ি দেখব। তাই অপূর সেইদিন রেলগাড়ি দেখা হল না।

Manashi Chaudhuri